## বঙ্গবন্ধুকে নিয়ে নির্মিত হয়েছে অ্যানিমেশন সিরিজ



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে নির্মিত হয়েছে ১০ পর্বের অ্যানিমেশন সিরিজ 'খোকা'। আইসিটি বিভাগের উদ্যোগে নির্মিত সিরিজে উঠে এসেছে বঙ্গবন্ধুর ছোটবেলা থেকে স্বদেশ প্রত্যাবর্তন পর্যন্ত ঘটনা। সিরিজটি ১ ঘণ্টা ৪০ মিনিটের; এটি তৈরি করেছে মার্স সল্যুশন, টিম অ্যাসোসিয়েট, ম্যাজিক ইমেজ ও প্রোল্যান্সার স্টুডিও। পরিচালনার দায়িত্বে ছিলেন সোহেল মোহাম্মদ রানা।



## এমপি হলেও অভিনয়ে থাকবেন ফেরদৌস

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা ১০ আসনে নৌকা প্রতীকে মনোনয়ন পেয়েছেন চিত্রনায়ক ফেরদৌস আহমেদ। অভিনয়ের পাশাপাশি বাংলাদেশ আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে দীর্ঘদিন ধরেই জড়িত তিনি। দলীয় বিভিন্ন অনুষ্ঠানে অংশ নেওয়ার পাশাপাশি প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে জাতিসংঘের ৭৩তম অধিবেশনেও যোগ দিয়েছিলেন ফেরদৌস।



## বাংলা একাডেমির ফেলোশিপ পেলেন তানভীর মোকাম্মেল

চলচ্চিত্র নির্মাতা তানভীর মোকাম্মেল বাংলা একাডেমির সাম্মানিক ফেলোশিপ ২০২৩ পেয়েছেন। চলচ্চিত্রে বিশেষ অবদানের জন্যে তাকে বাংলা একাডেমির সাম্মানিক ফেলোশিপ দেওয়া হয়েছে। ২৫ নভেম্বর বাংলা একাডেমির ৪৬তম বার্ষিক সভায় আনুষ্ঠানিকভাবে ফেলোশিপ প্রদান করেন বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা।



## ফিলিস্তিনের জন্য ঢাকায় কনসার্ট

গাজায় গণহত্যার প্রতিবাদে ঢাকায় অনুষ্ঠিত হয়ে গেলো 'টু গাজা ফ্রম ঢাকা' কনসার্ট। রাজধানীর হাতিরঝিল অ্যাম্ফিথিয়েটারে ২৪ নভেম্বর এই কনসার্টের আয়োজন করেছে আর্টিস্ট এগেইনস্ট জেনোসাইড ফ্রন্ট। কনসার্টের টিকিট বিক্রির পুরো টাকা গাজায় যুদ্ধাহত মানুষের জন্য আর্থিক সহায়তা হিসেবে পাঠানো হবে। যে কারণে কনসার্টে অংশ নেওয়া কোনো ব্যান্ড দল ও শিল্পী কেউই পারিশ্রমিক নেননি।



## ঢাকায় আসছেন শর্মিলা ঠাকুর

আগামী বছরের ২০ জানুয়ারি থেকে শুরু হবে ২২তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব। চলবে ২৮ জানুয়ারি পর্যন্ত। এ উৎসবে যোগ দিতে ঢাকায় আসছেন বলিউড অভিনেত্রী শর্মিলা ঠাকুর। উৎসবের এশিয়ান কম্পিটিশন বিভাগের জুরি হিসেবে দায়িত্ব পালন করবেন তিনি।


## মৃত্যুর ১৪ বছর পরও সর্বোচ্চ আয় জ্যাকসনের

২০২৩ সালে মৃত তারকারা কে কী পরিমাণ অর্থ আয় করেছেন, তার একটি তালিকা প্রকাশ করেছে মার্কিন সাময়িকী ফোর্বস। এ বছর ১১৫ মিলিয়ন ডলার আয় করে শীর্ষে রয়েছেন মাইকেল জ্যাকসন। তাকে নিয়ে শো, বায়োপিক নির্মাণের চুক্তি থেকে এ অর্থ এসেছে। প্রতিবছরই এই তালিকা প্রকাশ করে ফোর্বস। চার বছর পর তালিকার শীর্ষে ফিরলেন জ্যাকসন। ২০১৯ সালে তালিকায় শীর্ষে ছিলেন তিনি। এবারের তালিকায় মাইকেল জ্যাকসনের পর দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন এলভিস প্রিসলি ও রে মানজারেক।



## ক্ষমা চাইলেন 'পিপ্পা' ছবির নির্মাতা

বাংলাদেশের মুক্তিযুদ্ধের পটভূমিতে বলিউডে তৈরি রাজা কৃষ্ণ মেনন পরিচালিত হিন্দি ছবি 'পিপ্পা'য় ব্যবহৃত হয় কাজী নজরুল ইসলামের 'কারার ঐ লৌহ-কবাট' গানটি। আর এ গান রিমেকের সংগীতায়োজন করেন অস্কারজয়ী ভারতীয় সুরকার এ আর রাহমান। কিন্তু গানে নতুন করে এ আর রাহমান সুরারোপ করায় ক্ষোভ ছড়িয়ে পড়েছে নজরুল-ভক্তদের মধ্যে। এরপরই এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ শুরু হয়। কড়া সমালোচনার মুখে অবশেষে ক্ষমা চাইলেন ছবিটির নির্মাতা।




## শিল্পকলা পদক পাচ্ছেন অরুণা বিশ্বাস

বাংলাদেশের শিল্প ও সংস্কৃতির ক্ষেত্রে জাতীয় পর্যায়ে অবদানের জন্য পুরস্কৃত হচ্ছেন অরুণা বিশ্বাস। 'শিল্পকলা পদক ২০২২'-এ ভূষিত হতে যাচ্ছেন এ অভিনেত্রী। অভিনয় জীবনে দীর্ঘ তিন যুগের পথ চলা তার। এবারই প্রথম কোনো রাষ্ট্রীয় স্বীকৃতিতে ভূষিত হতে যাচ্ছেন তিনি।



## ভালোবাসা দিবসে আসবে 'নাকফুল' সিনেমা

'নাকফুল' সিনেমা পরিচালনা করেছেন অলক হাসান। গ্রামীণ প্রেক্ষাপটে নির্মিত হয়েছে সিনেমাটি। যাতে ফুটে উঠবে গ্রামের একজন চঞ্চল মেয়ে ও ছন্নছাড়া ছেলের সম্পর্কের গল্প। মূল চরিত্রে অভিনয় করেছেন আদর আজাদ ও পূজা চেরী। এতে আদর-পূজা ছাড়াও বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন গাজী রাকায়েত, লুৎফর রহমান জর্জ, আলী রাজ, এল আর খান সীমান্ত, শিখা মৌসহ অনেকে।



## গ্র্যামি মনোনয়নে সুইফটের রেকর্ড

ঘোষণা করা হয়েছে ৬৬তম গ্র্যামি অ্যাওয়ার্ডসের মনোনয়ন। মনোনয়নে এবার দেখা গেল গায়িকাদের প্রাধান্য, পুরুষ শিল্পীদের ছাপিয়ে গেছেন নারী শিল্পীরা। রেকর্ড গড়েছেন টেলর সুইফট। এই সময়ের অন্যতম জনপ্রিয় এই গায়িকা পেয়েছেন ছয়টি মনোনয়ন। এবার মনোনয়নসহ 'সং অব দ্য ইয়ার' বিভাগে মোট সাতটি মনোনয়ন পেলেন সুইফট, যা গ্র্যামিতে রেকর্ড।





## ঢাকাই সিনেমায় প্রথমবার গাইলেন অজয় চক্রবর্তী

‘শ্যামা কাব্য’ নামের নতুন একটি ছবি বানিয়েছেন বদরুল আনাম সৌদ। ছবিতে ‘পাখি যাও যাও যাও’ শিরোনামের একটি গানে ইমন সাহার সুর ও সংগীতে কণ্ঠ দিয়েছেন ভারতীয় সংগীতশিল্পী পণ্ডিত অজয় চক্রবর্তী। গানটি কলকাতার একটি স্টুডিওতে রেকর্ড করা হয়।



## একসঙ্গে তিনটি পুরস্কার জিতলেন শাকিরা

সম্প্রতি অনুষ্ঠিত হয়ে গেল ২৪তম লাতিন গ্র্যামি অ্যাওয়ার্ডস। আর সেখানেই একসঙ্গে তিনটি পুরস্কার জিতলেন পপতারকা শাকিরা। আর্জেন্টাইন ডিজে বিজার‍্যাপের সঙ্গে তার যৌথ গান ‘শাকিরা: বিজার‍্যাপ মিউজিক সেশনস, ভলিউম ফিফটি থ্রি’ জিতেছে সং অব দি ইয়ার (বর্ষসেরা গান) এবং পপ সং অব দি ইয়ার (বর্ষসেরা পপ গান) পুরস্কার। এ ছাড়া ‘টিকিউজি’ গানের সুবাদে পেয়েছেন বেস্ট আরবান/ফিউশন পারফরম্যান্স স্বীকৃতি। তিনটি পুরস্কারই নিজের দুই সন্তান মিলান ও সাশাকে উৎসর্গ করেছেন কলম্বিয়ান এই পপতারকা।

## পুরস্কৃত হলেন সিসিমপুরের সায়মা করিম



সিসিমপুরের টুকটুকিকে সবাই চেনে। সিসিস্ট্রিটের পরামর্শে এই চরিত্রটি তৈরি হয়েছে বাংলাদেশ তথা সাউথ এশিয়ায়। সেই সিসিমপুরের জনপ্রিয় চরিত্র টুকটুকি। টুকটুকি হিসেবে পারফর্ম করেন এবং টুকটুকির পাপেটটি পরিচালনা করেন যিনি, তিনি বাংলাদেশের টেলিভিশন ও মঞ্চের জনপ্রিয় মানুষ সায়মা করিম। সম্প্রতি তিনি পুরস্কৃত হয়েছেন জাতীয় পর্যায় থেকে। বাংলাদেশ ন্যাশনাল সোসাইটি অব পাপেট অ্যান্ড মাপেট পুরস্কৃত করল সায়মা করিমকে।



## বিজয় দিবসে কবির বকুলের পাঁচ গান

বিজয় দিবসে বিশেষ অনুষ্ঠান প্রচার করবে বাংলাদেশ বেতার। সেই লক্ষ্যে জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত গীতিকার কবির বকুলের কথা ও সুরে তৈরি হলো নতুন পাঁচটি দেশাত্মবোধক গান। গানগুলোতে কণ্ঠ দিয়েছেন দিনাত জাহান মুন্নী, সাব্বির জামান, রাজিব, লিজা ও লুইপা। উজ্জ্বল সিনহা সংগীতায়োজন করেছেন চারটি গানের, কিশোর করেছেন একটি গানের। এবার বিজয় দিবসে গানগুলো নিয়ে বিশেষ অনুষ্ঠান সম্প্রচার করবে বাংলাদেশ বেতার।

## অস্কারজয়ী জেমি ফক্সের বিরুদ্ধে যৌন হয়রানির মামলা



আট বছর আগে নিউ ইয়র্কের জনপ্রিয় এক রেস্তোরাঁয় যৌন নিপীড়নের অভিযোগে অস্কার বিজয়ী হলিউড অভিনেতা জেমি ফক্সের বিরুদ্ধে মামলা করেছেন এক নারী। নিউ ইয়র্ক অঙ্গরাজ্যের বিচারিক আদালতে মামলা দায়ের হয়েছে। ২০১৫ সালের ২৭ আগস্ট রাতে ক্যাচ এনওয়াইসি নামের ছাদখোলা রেস্তোরাঁয় জেমি ফক্সের সঙ্গে তিনি ছবি তুলতে চাইলে জোর করে তার বুকে ও যৌনাঙ্গে হাত দেন। ঘটনার সময় ফক্সকে নেশাগ্রস্ত মনে হয়েছিল।